

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০১.২১-৩৫৪

তারিখ : ২৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, জামালপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক (জেলা ও দায়রা জজ) বর্তমানে রংপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩ এর বিচারক (জেলা ও দায়রা জজ), জনাব এম আলী আহমেদ এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০১/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয় ;

যেহেতু, জনাব এম আলী আহমেদ এর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২১ নং বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানীঅন্তে তাঁকে উক্ত অভিযোগের দায়ে 'তিরস্কার' দন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করে ;

সেহেতু, জামালপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সাবেক বিচারক (জেলা ও দায়রা জজ) বর্তমানে রংপুর জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩ এর বিচারক (জেলা ও দায়রা জজ), জনাব এম আলী আহমেদ-কে তাঁর বিরুদ্ধে রুজুকৃত ০১/২০২১ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) মোতাবেক 'তিরস্কার' দন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




(মোঃ গোলাম সারওয়ার)
সচিব

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০১.২১-৩৫৪

তারিখ : ২৩ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৭ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জনাব এম আলী আহমেদ, বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-৩, রংপুর।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


০৭/০৭/২০২২
(মোহাম্মদ রহমত আলী)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৩১